শুটিংয়ে গিয়ে মারা গেলেন অভিনেতা সোহেল খান



অভিনেতা সোহেল খান। ছবি: সংগৃহীত

ছোট পর্দার অভিনেতা সোহেল খান আর নেই। মঙ্গলবার (২৪ নভেম্বর) সকালে বগুড়ার মমইনে শুটিং করতে গিয়ে হৃদ্‌ক্রিয়া বন্ধ হয়ে তাঁর মৃত্যু হয়েছে। মৃত্যুকালে তিনি ‘নসীব’ সিনেমার শুটিংয়ে সেখানে অবস্থান করছিলেন।

সকাল ১০টার দিকে তাঁর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন নির্মাতা ও প্রযোজক এমডি ইকবাল।

তিনি জানান, সকালে নাশতা শেষে নিজের কক্ষে বিশ্রাম নিতে যান সোহেল খান। পরে শুটিংয়ের প্রস্তুতি নিয়ে মেকআপও করেন। একপর্যায়ে তাঁকে ডাকতে গিয়ে হোটেলকক্ষে বিছানায় পড়ে থাকতে দেখেন ইউনিটের এক সদস্য। দ্রুত হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

সোহেল খানের আকস্মিক মৃত্যুতে দেশের বিনোদন অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে।

LENS ASIA